23 JUL 1992

দৈনিক খবর

192

তারিখ 23 JUL 1992
পৃষ্ঠা ১ কলাম ২

### প্রধানমন্ত্রীর সাথে বিরোধী নেতৃবৃন্দের বৈঠক

# ৬০ জন ছাত্রনেতার মামলা প্রত্যাহার প্রশ্নে আলোচনা

● আলতাফ মাহমুদ ● গতকাল প্রধানমন্ত্রীর সাথে বিরোধী দলীয় নেতৃবৃন্দের বৈঠকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬০ জন ছাত্র নেতার বিরুদ্ধে জামায়াত-শিবির কর্তৃক দায়েরকৃত মামলা প্রসঙ্গে আলোচনা হয়েছে বলে একটি দায়িত্বশীল সূত্র জানায়।

দায়িত্বশীল অন্য একটি সূত্র জানায়, প্রধানমন্ত্রীর সাথে বিরোধী দলের নেতাদের দীর্ঘ এক ঘন্টার বৈঠকে ৬০ ছাত্র নেতার বিরুদ্ধে দায়েরকৃত মামলার বিষয়টি গুরুত্ব দিয়ে আলোচনা হয় এবং যে কোন মিথ্যা মামলা প্রত্যাহার করার ব্যাপারে বৈঠকে ঐক্যমত পোষণ করা হয়। তবে এ মামলাটি যেহেতু বিচারাধীন সেহেতু এ ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি।

২ এর পাতায় দেখুন

# ৬০ জন ছাত্র নেতার

প্রথম পৃষ্ঠার পর

তবে যে কোন মিথ্যা মামলা প্রত্যাহারে বৈঠকে ঐক্যমত প্রকাশ করা হয়েছে।

সূত্রটি আরো জানায়, বৈঠকে দেশে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়েও দীর্ঘ আলোচনা হয়। বিরোধী দলের নেতারা দেশে রাজনৈতিক পরিবেশ বিনষ্টকরণ প্রক্রিয়ায় যেসব মহল ইদানীং সোচ্চার হয়ে উঠেছে, তা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিরোধী দলের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়। আইন-শৃংখলা পরিস্থিতির অবনতিতে বিরোধী দলের নেতারা উদ্বেগ প্রকাশ করে ঘাতক-দালাল নির্মূল কমিটির সভা-সমাবেশে দল বিশেষের হামলার ব্যাপারে প্রশাসনের নীরবতায় ক্ষোভ প্রকাশ করা হয়। বৈঠকে দৈনিক খবরে 'টাইগার স্কোয়াড' গঠন সম্পর্কিত খবর সম্পর্কে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়। টাইগার স্কোয়াড গঠন সম্পর্কিত বিষয়ে তাৎক্ষণিকভাবে প্রধানমন্ত্রী কোন প্রতিক্রিয়া ব্যক্ত না করলেও তিনি গুরুত্বের সাথে বিষয়টি অবহিত হন বলেও সূত্রটি জানায়।

এদিকে বাসস জানায়ঃ সংসদে বিরোধী দলীয় উপনেতা আবদুস সামাদ আজাদের নেতৃত্বে বিরোধী দলীয় নেতাদের একটি প্রতিনিধি দল গতকাল প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সাথে তাঁর দফতরে সাক্ষাৎ করেন।

দেশের সামাজিক-অর্থনৈতিক পরিস্থিতিসহ বিভিন্ন বিষয়ে তাঁদের মধ্যে খোলাখুলি মত বিনিময় হয়।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি এবং শৃংখলা রক্ষার জন্য অবশ্যই সম্মিলিত প্রয়াস নিতে হবে। প্রধানমন্ত্রী সন্ত্রাস নির্মূলে এবং সমাজে শান্তি-শৃংখলা ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য সকল বিরোধী দলের সহায়তা কামনা করেন।

বেগম খালেদা জিয়া বলেন, দেশে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য সকলকেই আইনের শাসনের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে।

তোফায়েল আহমদ এমপি, মতিয়া চৌধুরী এমপি, শামসুন্দোহা এমপি, সুরঞ্জিৎ সেনগুপ্ত এমপি, রাশেদ খান মেনন এমপি, জাসদ নেতা হাসানুল হক ইনু ও ন্যাপের সেক্রেটারী জেনারেল পংকজ ভট্টাচার্য এ সময় উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারও উপস্থিত ছিলেন।